



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd  
Answer Worksheet - 5  
Class - 2

Subject : Bengali Grammar  
Topic : অনুচ্ছেদ লিখন

Date : 15.07.2020

১) 'আমার প্রিয় শহর' সম্পর্কে দশটি বাক্যে একটি অনুচ্ছেদ লেখ।

অনুচ্ছেদটি লেখার জন্য নীচে কতকগুলি সংকেত দেওয়া হল।

সংকেত : প্রিয় শহরের নাম — গঠনের ইতিহাস — শহরের বর্ণনা — দর্শনীয় স্থান — যানবাহন — অসুবিধা।

## নমুনা অনুচ্ছেদ

আমার প্রিয় শহর হল কলকাতা। ১৬৯০ খ্রিস্টাব্দে জব চার্নক ভাগীরথীর তীরে সুতানুটি, গোবিন্দপুর ও কলিকাতা নামে তিনটি গ্রাম নিয়ে এই শহর গড়েছিলেন। এই কলকাতা আগে ছিল ভারতের রাজধানী কিন্তু বর্তমানে এটি পশ্চিমবঙ্গের রাজধানী। এখানে নানা জাতি ও নানা ধর্মের লোক বাস করে। কলকাতা ব্যবসা-বাণিজ্যের একটি প্রধান কেন্দ্র। এখানে প্রচুর অফিস-আদালত, স্কুল-কলেজ, বিশ্ববিদ্যালয়, স্টেডিয়াম, হাসপাতাল ও বিরাট বিরাট অট্টালিকা আছে। কলকাতায় অনেক দর্শনীয় স্থান আছে যেমন ভিক্টোরিয়া মেমোরিয়াল, বিড়লা প্ল্যানেটোরিয়াম, গড়ের মাঠ, শহিদ মিনার, বিদ্যাসাগর সেতু, কালীঘাটের কালী মন্দির, পাতাল রেল, চিড়িয়াখানা, নেতাজী সুভাষচন্দ্র বসু বিমান বন্দর ইত্যাদি। এই শহরের রাস্তায় চলে বাস, ট্যাক্সি, মিনিবাস, অটোরিক্সা, লরি, ট্রাম প্রভৃতি অসংখ্য যানবাহন। এখানকার সব কিছু ভালো হলেও লোকজনের ভিড় ও রাস্তায় বর্ষার জল জমা এইরকম কিছু কিছু অসুবিধাও আছে। এসব সত্ত্বেও কলকাতার সজীবতা ও তার উচ্ছলতা আমার কাছে অত্যন্ত প্রিয়।

Rita Das

\_\_\_\_\_ x \_\_\_\_\_